উপজেলা পরিষদ

জৈন্তাপুর, সিলেট।

উপজেলা পরিষদ, জৈন্তাপুর,সিলেট এর আগষ্ট/২০২৪ইং মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : উম্মে সালিক রুমাইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
তারিখ : ২৮/০৮/২০২৪ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -খ

সভাপতি আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন।	আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকায় সভায় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।
০২	গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
০৩	বিভিন্ন রাজস্ব ব্যয় অনুমোদন	ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় আসবাবপত্র ক্রয়ের বিল বাবদ ১,৭৭,০০০/- (এক লক্ষ সাতাত্তর হাজার) টাকার বিল উপস্থাপন করেন। এছাড়া উপজেলা পরিষদের নিয়মিত ও নির্ধারিত আপ্যায়ন ও আনুষাঙ্গিক ব্যয়ের বিল সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত বিলসমূহ পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের 'আসবাবপত্র সংগ্রহ' খাত হতে উল্লেখিত আসবাবপত্র ক্রয়ের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের নিয়মিত ও নির্ধারিত ব্যয়ের বিলসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
		খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, আগষ্ট/২৪ইং মাসে দেশের আইন শৃঙ্খলার অবনতি হওয়ায় উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য উপজেলা প্রশাসন ০৪/০৮/২০২৪খ্রিঃ হতে ২০/০৮/২০২৪খ্রিঃ পর্যন্ত আনসার	খ) আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের 'নিরাপত্তা খাত' হতে উল্লেখিত বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।

CamScanner

		নিয়োগ করা হয়। আনসারদের ভাতা ও নিরাপত্তা প্রহরীর বেতন বাবদ ৪৬,৮০০/- (চল্লিশ হাজার আটশত) টাকা ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে কর্মরত আনসারদের গ্যাসের সিলিন্ডার ক্রয় ও বিদ্যুতের মিটারের রিচার্জের বিল বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা পরিশোধ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, আকস্মিক বন্যায় জনসাধারণ উদ্ধারের স্বার্থে রেইনকোট, ছাতা, টর্চ লাইট ও লাইফ জ্যাকেট ক্রয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বিল হয়েছে। উক্ত বিল পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	গ) আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের 'অপ্রত্যাশিত খাত' হতে উল্লেখিত বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
০৪	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, সহকারী কমিশনার (ভূমি) এর বাসার বিভিন্ন মেরামত, আনসারদের ওয়াশরুম নির্মান ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের বিভিন্ন রুমের মেরামত করা প্রয়োজন। এ ব্যাপারে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা প্রকৌশলী জানান যে, সহকারী কমিশনার (ভূমি) এর বাসার বিভিন্ন মেরামত, আনসারদের ওয়াশরুম নির্মান ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের বিভিন্ন রুমের মেরামত কাজে ৩,৫৪,০০০০/- (তিন লক্ষ চুয়ান্ন হাজার) টাকা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে সহকারী কমিশনার (ভূমি) এর বাসার বিভিন্ন মেরামত, আনসারদের ওয়াশরুম নির্মান ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের বিভিন্ন রুমের মেরামত কাজে ৩,৫৪,০০০০/- (তিন লক্ষ চুয়ান্ন হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলের 'বাসাবাড়ি মেরামত' খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৫	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিসিআইসি সার ডিলার মেসার্স লিয়াকত এন্টারপ্রাইজের মালিকানা হস্তান্তর করা প্রয়োজন। উক্ত মালিকানা জনাব আইউব আলীর	আলোচনান্তে বিধি মোতাবেক বিসিআইসি সার ডিলার মেসার্স লিয়াকত এন্টারপ্রাইজের মালিকানা জনাব আইউব আলীর পরিবর্তে তার জেষ্ঠ্য ছেলে ফয়জুল্লাহ'র নামে হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা	উপজেলা কৃষি কর্মকর্তা জৈন্তাপুর,সিলেট।

CamScanner

		পরিবর্তে তার জেষ্ঠ্য ছেলে ফয়জুল্লাহ'র নামে হস্তান্তর করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৬	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, সেপ্টেম্বর মাস থেকে প্রতিটি ওয়ার্ডে ছাগল-ভেড়ার ভেকসিন দেয়া হবে। উক্ত ভ্যাকসিন কার্যক্রম সফল করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে ছাগল-ভেড়ার ভ্যাকসিন কার্যক্রম সফল করতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও চেয়ারম্যান, সকল ইউপি, জৈন্তাপুর,সিলেট।
০৭	উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, হাসপাতালে নিরাপত্তার ব্যবস্থা জোরদার করা প্রয়োজন। যে নিরাপত্তার যে লোকবল আছে তাদের দিয়ে ২৪ ঘন্টা নিরাপত্তার দায়িত্ব প্রদান করা সম্ভব হয় না। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরও জানান যে, হাসপাতালে সরকারী সেবা গ্রহনে জাতীয় পরিচয়পত্রের নাম্বার প্রয়োজন হয়। তাই যারা সরকারী সেবা নেবেন তারা যেন জাতীয় পরিচয়পত্রের নাম্বার সঙ্গে নিয়ে আসেন। এ ব্যপারে জনাসাধারণকে জানানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।	আলোচনান্তে হাসপাতালে নিরাপত্তার ব্যবস্থা জোরদার করার জন্য প্রয়োজনীয় লোকবলের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর দ্রুত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং হাসপাতালে সরকারী সেবা গ্রহনে জাতীয় পরিচয়পত্রের নাম্বার সঙ্গে আনার ব্যপারে জনসাধারণকে জানানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট ও চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, জৈন্তাপুর,সিলেট।
০৮	বিবিধ	ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, সাম্প্রতিককালে ফেনী,কুমিল্লা, নোয়াখালীসহ বেশ কয়েকটি জেলায় ভয়াবহ বন্যায় অনেক লোক নিহত হয়েছেন। এছাড়া বর্তমানে অনেক লোক খুব কষ্টে দিনাতিপাত করছেন। উক্ত এলাকাগুলোতে ত্রাণ সহায়তা প্রদানের জন্য প্রতি ইউনিয়ন থেকে সকল শ্রেনী,পেশার মানুষের অংশগ্রহনে ত্রাণ সহায়তা তহবিল সংগ্রহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	ক) আলোচনান্তে সাম্প্রতিক কালে ফেনী, কুমিল্লা, নোয়াখালীসহ বেশ কয়েকটি জেলায় ভয়াবহ বন্যায় নিহতদের মাগফেরাত কামনা করা হয় এবং শোক প্রস্তাবের প্রেক্ষিতে শোক প্রস্তাব গৃহীত হয়। উক্ত এলাকাগুলোতে ত্রাণ সহায়তা প্রদানের জন্য প্রতি ইউনিয়ন থেকে ত্রাণ সহায়তা তহবিল আগামী ০৮ সেপ্টেম্বরের মধ্যে সংগ্রহ করে ১০ সেপ্টেম্বরের মধ্যে প্রেরণের সম্ভাব্য তারিখ নির্ধারণ করে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তা ও চেয়ারম্যান, সকল ইউপি, জৈন্তাপুর,সিলেট।

CamScanner

		খ) চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি সভাকে জানান যে, সাম্প্রতিককালে দেশের রাজনৈতিক পরিস্থিতিতে অস্থিরতার সৃষ্টি হয়। ফলে অনেক সরকারী স্থাপনা ক্ষতিগ্রস্থ হয়েছে। যা খুবই দুঃখজনক। যেকোন পরিস্থিতিতে কোন সহযোগিতার প্রয়োজন হলে আমিসহ সকল জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ করলে সহযোগিতা করা হবে। কেউ যাতে তাদের ব্যক্তি স্বার্থে কোন অস্থিতিশীল অবস্থা সৃষ্টি করতে না পারে, এ ব্যপারে সকল বিভাগীয় প্রধানগনকে শক্তভাবে অবস্থান করার আহবান জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	খ) আলোচনান্তে যেকোন পরিস্থিতিতে কোন সহযোগিতার প্রয়োজন হলে উপজেলা প্রশাসন,সকল জনপ্রতিনিধি এবং আইন শৃঙ্খলা বাহিনীর সাথে যোগাযোগ করার জন্য সকল বিভাগীয় প্রধানদের পরামর্শ প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান সকল ইউপি জৈন্তাপুর,সিলেট।
		গ) চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি সভায় ১৪২৯ ও ১৪৩০ বাংলা সনে হাট বাজার ইজারার অর্থে ১৫% দ্বারা নিম্নোল্লেখিত প্রকল্পসমূহ উপস্থাপন করেন। প্রকল্প সমূহ: ১) জৈন্তাপুর হাটবাজারে অস্থায়ী কাপড়ের শেডঘর উন্নয়ন (১ম অংশ) - ৪,৯৫,০০০/- ২) জৈন্তাপুর হাটবাজারে অস্থায়ী কাপড়ের শেডঘর উন্নয়ন (২য় অংশ) - ৪,৯৫,০০০/- ৩) জৈন্তাপুর হাট বাজারের লেট্রিনের সেফটি ট্যাংকি সংলগ্ন পাইপ ও ড্রেইন পরিস্কার স্ল্যাব নির্মান- ৪,৯৫,০০০/- ৪) জৈন্তাপুর হাট বাজারে শুটকি সেড ঘরের চালা,টিন, কাঠ, ভীট মেরামত/ উন্নয়ন- ৪,৯৫,০০০/- ৫) জৈন্তাপুর হাট-বাজারে মাছের শেড ঘরের চালা,টিন,কাঠ,ভীট মেরামত/উন্নয়ন- ৪,৯৫,০০০/- সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	গ) আলোচনান্তে উল্লেখিত প্রকল্পসমূহ আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি, জৈন্তাপুর,সিলেট।
		ঘ) চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি সভায় ১৪২৯ ও ১৪৩০ বাংলা সনে হাট বাজার ইজারার অর্থে ১৫% দ্বারা নিম্নোল্লেখিত প্রকল্পসমূহ উপস্থাপন করেন। প্রকল্প সমূহ: ১) দরবস্ত বাজার সব্জি শেডের পশ্চিম কোনা হতে চাউল শেড পর্যন্ত ড্রেইন নির্মান - ৪,৫৩,০০০/- ২) দরবস্ত বাজার ফারুকের	গ) আলোচনান্তে উল্লেখিত প্রকল্পসমূহ আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি, জৈন্তাপুর,সিলেট।

CamScanner

		দোকানের সামনা হতে লাইন নদী পর্যন্ত ড্রেইন নির্মান - ৪,৫০,০০০/- ৩) দরবস্ত বাজার চাউল শেডের সামনা হইতে নবাব আলীর মিল পর্যন্ত গলি আরসিসি ঢালাই - ৬,২৫,০০০/- ৪) দরবস্ত বাজারের মাংস সেড - ৫,০০,০০০/-		
		ঙ) চেয়ারম্যান, ৫নং ফতেপুর ইউপি সভায় ১৪২৯ ও ১৪৩০ বাংলা সনে হাট বাজার ইজারার অর্থে ১৫% দ্বারা নিম্নোল্লেখিত প্রকল্পসমূহ উপস্থাপন করেন। প্রকল্প সমূহ: ১) হরিপুর বাজারে ইউনিয়ন পরিষদের রাস্তার সামনা হতে তামাবিল রোড পর্যন্ত রাস্তার অসমাপ্ত কাজ সম্পন্নকরণ (আরসিসি ঢালাই) – ২,৪২,৫১০/৫০ ২) হরিপুর বাজারের ইউনিয়ন পরিষদের রাস্তার সামনা হতে তামাবিল রোড পর্যন্ত মাটি ভরাট – ৫,০০,০০০/- ৩) হরিপুর বাজারের মাছ বাজারের সামনে রিং কালভার্ট নির্মান – ১,৫০,০০০/- ৪) হরিপুর বাজারের ইউনিয়ন পরিষদের রাস্তার সামনা হতে তামাবিল রোড পর্যন্ত আরসিসি ঢালাই – ২২,৭২,৭২৫/-	ঙ) আলোচনান্তে উল্লেখিত ১, ২ ও ৩নং প্রকল্পসমূহ আরএফকিউ পদ্ধতিতে এবং ৪নং প্রকল্প টেন্ডার পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, ৫নং ফতেপুর ইউপি, জৈন্তাপুর,সিলেট।
		চ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, যে সকল দপ্তরের নৈশ প্রহরী রয়েছেন সকলকে রাতে দায়িত্ব পালন করা জরুরী। সকল দপ্তর প্রধানকে নৈশ প্রহরীদের দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা পরিষদের গেইটেও বিকাল ৪টা থেকে রাত ১২টা পর্যন্ত একজন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	চ) আলোচনান্তে সকল দপ্তর প্রধানকে নৈশ প্রহরীদের দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় প্রধান (সকল) জৈন্তাপুর,সিলেট।

সভাপতি বৈষম্য বিরোধী আন্দোলনে সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং যারা আহত অবস্থায় হাসপাতাল ও বাড়িতে অসুস্থ আছেন তাদের দ্রুত আরোগ্য কামনা করেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৮/২০২৪
উম্মে সালিক রুমাইয়া
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
জৈন্তাপুর, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৫৩.০০৩.০৩.২০১৭.১৪.(৩৭৭)(৪০)

তারিখ : ২৮ / ০৮ / ২০২৪খ্রি.

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:
০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। উপজেলা ---------- কর্মকর্তা (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৫। চেয়ারম্যান, ---------- (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৬। অফিস কপি।

২৮/০৮/২০২৪
উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

CamScanner

পরিশিষ্ট 'ক'

৬ষ্ঠ উপজেলা পরিষদের আগষ্ট/২০২৪ ইং মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব কামরুজ্জামান চৌধুরী	চেয়ারম্যান, ৬নং চিকনাগুল ইউপি	স্বাক্ষরিত
০২	জনাব সুলতান করিম	চেয়ারম্যান, ৩নং চারিকাটা ইউপি	স্বাক্ষরিত
০৩	জনাব ফখরুল ইসলাম	চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি	স্বাক্ষরিত
০৪	জনাব মোঃ ইন্তাজ আলী	চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ আজিজুল হক খোকন	উপজেলা একাডেমিক সুপারভাইজার	স্বাক্ষরিত
০৬	জনাব শামীমা আক্তার	উপজেলা কৃষি কর্মকর্তা	স্বাক্ষরিত
০৭	জনাব এ,কে,এম রিয়াজ মাহমুদ	উপজেলা প্রকৌশলী	স্বাক্ষরিত
০৮	জনাব বাহারুল আলম বাহার	চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি	স্বাক্ষরিত
০৯	জনাব মোঃ রুহুল আমিন	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	স্বাক্ষরিত
১০	জনাব মোঃ শাহ আলম	সুপারভাইজার, উপজেলা সমাজসবা অফিস	স্বাক্ষরিত
১১	জনাব মোঃ আবুল কালাম	উপজেলা নির্বাচন অফিসার	স্বাক্ষরিত
১২	জনাব হেপী রাণী সরকার	উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষিকা	স্বাক্ষরিত
১৩	জনাব ডা: মোঃ মিলাদুর রহমান	আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	স্বাক্ষরিত
১৪	জনাব মোঃ মিজানুর রহমান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	স্বাক্ষরিত
১৫	জনাব তাসলিমা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	স্বাক্ষরিত
১৬	জনাব ডা: আব্দুল্লাহ আল মাসুদ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	স্বাক্ষরিত
১৭	জনাব মোঃ আবেদ হোসেন	উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)	স্বাক্ষরিত
১৮	জনাব মোহাম্মদ শরীফ উদ্দিন	উপজেলা সমবায় অফিসার	স্বাক্ষরিত
১৯	জনাব রতন চন্দ্র দাস	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	স্বাক্ষরিত
২০	জনাব মোঃ মোশারফ হোসেন	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা	স্বাক্ষরিত
২১	জনাব মোঃ হারুনুর রশিদ	ব্রাঞ্চ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক	স্বাক্ষরিত
২২	জনাব সুকান্ত দেব	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার	স্বাক্ষরিত

পরিশিষ্ট-খ

উপজেলা পরিষদের আগষ্ট/২০২৪ইং মাসের মাসিক সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ :

(জেষ্টতার ভিত্তিতে নহে)

১) চেয়ারম্যান, ৫নং চারিকাটা ইউপি, জৈন্তাপুর,সিলেট।
২) উপজেলা মৎস্য অফিসার, জৈন্তাপুর,সিলেট।
৩) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার , জৈন্তাপুর,সিলেট।
৪) খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য গুদাম, জৈন্তাপুর,সিলেট।
৫) রেঞ্জ কর্মকর্তা, সারী রেঞ্জ, জৈন্তাপুর,সিলেট।

CamScanner